Department of Education

পরিবারবর্গের জন্য COVID-19 বিষয়ে গাইডেন্স (নির্দেশনা) - (গ্রেড K–12)

আপনার সন্তানের ক্ষেত্রে দৃশ্যপট **1, 2, 3,** অথবা **4** দিয়ে শুরু করে এবং তীর চিহ্ন অনুসরণের মাধ্যমে প্রশ্নগুলির উত্তর দিন।

1

আমার সন্তান যদি অসুস্থ বোধ করে

স্কুলে জানিয়ে দিন এবং তাকে বাড়িতে রাখুন।
আপনার কি স্কুল থেকে দেয়া হোম টেস্ট কিট আছে?

হ্যাঁ

দ্রুত প্রথম টেস্টটি নিন এবং 24 ঘণ্টা পরে দ্বিতীয়টি।

উভয় পরীক্ষার ফল **নেগেটিভ (-)** আপনার সন্তানের কোন লক্ষণ না থাকলে অথবা যদি লক্ষণ* সামান্য হয় তাহলে সে স্কুল ফিরে যেতে পারবে। লক্ষণগুলির অবশ্যই উন্নতি হতে হবে।

অথবা

যেকোন একটি টেস্টের ফল **পজিটিভ (+)** স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী 5 দিন অবশ্যই বাড়িতে এবং আলাদা থাকবে। যদি লক্ষণগুলির উন্নতি হয় তাহলে আপনার সন্তান 6ষ্ঠ দিনে স্কুলে ফিরে যেতে পারবে।

না

আপনার সন্তানকে পরীক্ষা করান।

নেগেটিভ (-) আপনার সন্তানের কোন লক্ষণ না থাকলে অথবা যদি লক্ষণ* শুধু সামান্য হয় তাহলে সে স্কুল ফিরে যেতে পারবে। যদি আপনি বাড়িতে টেস্ট কিট ব্যবহার করেন, তাহলে প্রথম টেস্টটি তাড়াতাড়ি নিন এবং 24 ঘণ্টা পরে দ্বিতীয় টেস্টটি নিন।

অথবা

পজিটিভ (+) স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী 5 দিন অবশ্যই বাড়িতে এবং আলাদা থাকবে। যদি লক্ষণগুলির উন্নতি হয় তাহলে আপনার সন্তান 6ষ্ঠ দিনে স্কুলে ফিরে যেতে পারবে।

আমি আমার সন্তানকে পরীক্ষা করাতে চাই না।

স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী 5 দিন অবশ্যই বাড়িতে থাকবে। যদি লক্ষণগুলির উন্নতি হয় তাহলে আপনার সন্তান 6ষ্ঠ দিনে স্কুলে ফিরে যেতে পারবে।

*মৃদু লক্ষণগুলির মধ্যে আছে ওষুধ ব্যবহার ব্যতীত জ্বরবিহীন থাকা এবং/অথবা সামান্য কাশি।
দ্রষ্টব্য: যদি আপনার সন্তান আলাদা থাকার শেষে 6ষ্ঠ দিনে স্কুলে ফেরে, তাকে অবশ্যই স্কুলে **10ম দিন পর্যন্ত ভাল ফিট করে এমন একটি মাস্ক পরতে হবে।**

2

আমার সন্তানের COVID-19 পরীক্ষার ফলাফল যদি পজিটিভ আসে

স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী **5** দিন অবশ্যই বাড়িতে এবং আলাদা থাকবে।

আজ 5ম দিনের সন্ধ্যা।

আপনার সন্তানের কি COVID-19 লক্ষণ আছে?

লক্ষণগুলির মধ্যে আছে 100.0 ডিগ্রি F অথবা অধিক জ্বর, কাশি, গলা-ব্যথা, স্বাদ অথব ঘ্রাণ শক্তি নষ্ট হওয়া অথবা নিঃশ্বাসে দুর্বলতা।

হ্যাঁ

লক্ষণগুলির উন্নতি না হওয়া পর্যন্ত আপনার সন্তান বাড়িতে থাকা অব্যাহত রাখবে **এবং** যদি সে গত 24 ঘণ্টা ওষুধ ব্যবহার ব্যতীত জ্বর ছাড়া থাকে অথবা পুরো 10 দিন আলাদা থাকে, তাহলে সে স্কুল ফিরে যেতে পারবে।

না

আপনার সন্তান আগামী কাল (6ষ্ঠ দিনে) স্কুলে ফিরে যেতে পারবে। অনুগ্রহ নিশ্চিত করুন আপনার সন্তান স্কুলে ভাল ফিট হয় এমন একটি মাস্ক পরছে।

দ্রষ্টব্য: যদি আপনার সন্তান আলাদা থাকার শেষে 6ষ্ঠ দিনে স্কুলে ফেরে, তাকে অবশ্যই স্কুলে **10ম দিন পর্যন্ত ভাল ফিট করে এমন একটি মাস্ক পরতে হবে।**
দ্রষ্টব্য: আপনার সন্তান যদি গত **90 দিনের মধ্যে নিশ্চিত COVID-19 রোগ থেকে সেরে ওঠে, আপনি পজিটিভ টেস্ট ফলাফলটি উপেক্ষা করতে পারেন।** আপনার সন্তানের কোন লক্ষণ না থাকলে সে স্কুলে যোগ দিতে পারে।

NYC Department of Education

পরিবারবর্গের জন্য COVID-19 বিষয়ে গাইডেন্স (নির্দেশনা) - গ্রেড K–12

আপনার সন্তানের ক্ষেত্রে দৃশ্যপট **1, 2, 3,** অথবা **4** দিয়ে শুরু করে এবং তীর চিহ্ন অনুসরণের মাধ্যমে প্রশ্নগুলির উত্তর দিন।

3

আমার সন্তান স্কুলে COVID-19 সংক্রমিত হয়েছে

আপনার কি স্কুল থেকে দেয়া হোম টেস্ট কিট আছে?

হ্যাঁ

এই টেস্ট কিটটি পাবার দিনেই প্রথম টেস্টটি করুন।

- **নেগেটিভ (-)** আপনার সন্তান পরের দিন স্কুলে ফিরতে পারবে, **যদি না** কোন লক্ষণ থাকে।
- **পজিটিভ (+)** স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী 5 দিন অবশ্যই আলাদা থাকবে। আপনার সন্তান আগামী কাল 6ষ্ঠ দিনে স্কুলে ফিরে যেতে পারবে।

না

আপনার সন্তানের স্কুলে একটি র‍্যাপিড হোম টেস্ট কিটের জন্য অনুরোধ জানান এবং **হ্যাঁ** জবাব-এর ক্ষেত্রে প্রযোজ্য ধাপগুলো অনুসরণ করুন।

আপনার সন্তানের কি COVID-19 লক্ষণ আছে?
লক্ষণগুলির মধ্যে আছে 100.0 ডিগ্রি F অথবা অধিক জ্বর, কাশি, গলা-ব্যাথা, স্বাদ অথব ঘ্রাণ শক্তি নষ্ট হওয়া অথবা নিঃশ্বাসে দুর্বলতা।

হ্যাঁ

তাড়াতাড়ি দ্বিতীয় টেস্ট করান।

- **নিগেটিভ (-)** আপনার সন্তান পরের দিন স্কুলে ফিরে আসতে পারে, যদি লক্ষণ না থাকে।
- **পজিটিভ (+)** স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তানকে পরের 5 দিন অবশ্যই আলাদা থাকতে হবে। আপনার সন্তানকে 6ষ্ঠ দিন স্কুলে ফিরে আসতে পারে।

না

5 দিন পরে টেস্টটি নিন।

- **নিগেটিভ (-)** আপনার সন্তান পরের দিন স্কুলে ফিরে আসতে পারে, যদি লক্ষণ না থাকে।
- **পজিটিভ (+)** স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তানকে পরের 5 দিন অবশ্যই আলাদা থাকতে হবে। আপনার সন্তানকে 6ষ্ঠ দিন স্কুলে ফিরে আসতে পারে।

দ্রষ্টব্য: আপনার সন্তান যদি গত 90 দিনের মধ্যে নিশ্চিত COVID-19 রোগ থেকে সেরে ওঠে, আপনি পজিটিভ টেস্ট ফলাফলটি উপেক্ষা করতে পারেন। আপনার সন্তানের কোন লক্ষণ না থাকলে সে স্কুলে যোগ দিতে পারে।
দ্রষ্টব্য: যদি আপনার সন্তান আলাদা থাকার শেষে 6ষ্ঠ দিনে স্কুলে ফেরে, তাকে অবশ্যই স্কুলে 10ম দিন পর্যন্ত ভাল ফিট করে এমন একটি মাস্ক পরতে হবে।

4

আমার সন্তান স্কুল কর্মকাণ্ডের বাইরে COVID-19 সংক্রমিত হয়েছে

(একজন পরিবার সদস্য কর্তৃক, একটি জন্মদিনের পার্টিতে, সকার প্র্যাকটিসের সময়, কোন ধর্মীয় প্রার্থনার স্থানে ইত্যাদি)

আপনার সন্তান কি পুরোপুরি ভ্যাকসিন গ্রহণকারী হিসেবে বিবেচিত?*

হ্যাঁ

আপনার সন্তান পরের দিন স্কুলে ফিরতে পারবে, **যদি না** কোন লক্ষণ থাকে। আপনার সন্তানের কোন লক্ষণ আছে কিনা অনুগ্রহ করে খেয়াল রাখুন। আপনার সন্তানের কোন হোম টেস্ট কিট ব্যবহারের প্রয়োজন নেই অথবা তাকে COVID-19 টেস্ট করাতে হবে না।

না

স্কুলে জানিয়ে দিন। আপনার সন্তান পরবর্তী 5 দিন অবশ্যই বাড়িতে এবং আলাদা থাকবে। যদি লক্ষণ না থাকে তাহলে আপনার সন্তান 6ষ্ঠ দিনে স্কুলে ফিরে যেতে পারবে। আপনার সন্তানের কোন লক্ষণ আছে কিনা অনুগ্রহ করে খেয়াল রাখুন।

দ্রষ্টব্য: আপনার সন্তান যদি গত 90 দিনের মধ্যে নিশ্চিত COVID-19 রোগ থেকে সেরে ওঠে, আপনি পজিটিভ টেস্ট ফলাফলটি উপেক্ষা করতে পারেন। আপনার সন্তানের কোন লক্ষণ না থাকলে সে স্কুলে যোগ দিতে পারে।
দ্রষ্টব্য: যদি আপনার সন্তান ভ্যাকসিন না নিয়ে থাকে এবং আপনার বাড়িতে বসবাসকারী কারো দ্বারা COVID-19 সংক্রমিত হয়, তাহলে আপনার সন্তানকে ঐ বাড়ির সদস্যের আলাদা হয়ে থাকার সময় পার হয়ে যাবার পরেও বাড়তি পাঁচ দিন আলাদা থাকতে হবে, যদি ঐ বাড়ির পজিটিভ সদস্য এবং শিক্ষার্থী একই বাড়িতে ঐ সময় থাকে।

*“পুরোপুরি ভ্যাকসিন গৃহীত” বলতে বোঝায় যে, দুই-ডোজ সিরিজের চূড়ান্ত শট অথবা এক ডোজ ভ্যাকসিন থেকে 2 সপ্তাহ পার হয়ে গেছে।